



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৩

২৯ জুন ২০২৬
তারিখ: -----
১৫ আষাঢ় ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অনাদায়ী ঋণ আদায়/সমন্বয়ে বিশেষ এক্সিট সংক্রান্ত নীতিমালা

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৩, তারিখ: ০৮ জুলাই ২০২৪ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫, তারিখ: ১০ মার্চ ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। কর্মসংস্থান সৃষ্টি এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে উৎপাদনশীল খাতে ঋণপ্রবাহ বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে দেশের ব্যাংকিং খাতে খেলাপী ঋণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় ব্যাংকসমূহের সম্পদের গুণগত মান, তারল্য ব্যবস্থাপনা এবং নতুন ঋণ প্রদানের সক্ষমতা বিরূপভাবে প্রভাবিত হচ্ছে বিধায় ব্যাংকিং খাতের খেলাপী ঋণ হ্রাসকরণ অত্যাবশ্যিক। এ প্রেক্ষাপটে, বিভিন্ন কারণে আর্থিক সংকটে পতিত হলেও ব্যবসা পরিচালনার সক্ষমতা ও ঋণ পরিশোধের আন্তরিকতা রয়েছে এমন ঋণগ্রহীতাদের এককালীন বিশেষ এক্সিট সুবিধা প্রদান করা হলে একদিকে যেমন ব্যাংকসমূহের খেলাপী ঋণের পরিমাণ হ্রাস পাবে অন্যদিকে ব্যাংকসমূহের নতুন ঋণ প্রদানের সক্ষমতা বৃদ্ধি পাবে, যা উৎপাদন, বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে ইতিবাচক ভূমিকা রাখবে।
- ৩। বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংকসমূহের খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত ৩০ জুন ২০২৬ ভিত্তি তারিখে মন্দ ও ক্ষতিজনক মানে শ্রেণিকৃত ঋণসমূহকে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিশেষ এক্সিট প্রদান করা যাবে। এ সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণীয় হবে:
 - ক) বিশেষ এক্সিট সুবিধার আওতায় ঋণগ্রহীতাকে সমুদয় দায় এককালীন পরিশোধ করতে হবে;
 - খ) এ সুবিধার আওতায় ঋণগ্রহীতাগণের সকল আরোপিত ও অনারোপিত সুদ মওকুফের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৬, তারিখ: ২১ এপ্রিল ২০২২ এর ২(ঙ) তে বর্ণিত তহবিল ব্যয় আদায় নিশ্চিতকরণ সংক্রান্ত শর্তটি এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ: ২৪ মে ২০২২ এর ২(গ) তে বর্ণিত রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকের আয় খাত বিকলন করে সুদ মওকুফ করা যাবে না মর্মে আরোপিত শর্তটি শিথিল থাকবে;
 - গ) মন্দ বা ক্ষতিজনক মানে শ্রেণিকৃত ঋণসমূহ, যা ৬ আগস্ট ২০২৪ থেকে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত সময়ে পুনঃতফসিল করা হয়েছে, উক্ত ঋণসমূহও এ সার্কুলারের আওতায় বিশেষ এক্সিট সুবিধা প্রাপ্য হবে;
 - ঘ) বিশেষ এক্সিট প্রদানের ক্ষেত্রে কৃষি খাতের স্বল্প মেয়াদী কৃষি ঋণ ও সিএমএসএমই খাতের কটেজ, মাইক্রো ও স্মল ঋণসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৪। এ সার্কুলারে বর্ণিত বিশেষ এক্সিটের বিষয়ে ঋণগ্রহীতাদের অবহিতকরণের নিমিত্ত ব্যাংক কর্তৃক পত্র প্রেরণসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। এ সার্কুলারের নির্দেশনাসমূহ ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।
- ৬। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ও ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২